

রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - বেলায়াতের পথে যিকরের সাথে

রচয়িতা/সম্প্রকারঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ঘ. আল্লাহর পথের পথিকদের পাপ - (৩) বিদ'আত বা ধর্মের মধ্যে নব উত্তীবন

যে কর্ম, বিশ্বাস, রীতি বা আচার রাসূলুল্লাহ (সা.) ও তাঁর সাহাবীগণ ধর্মীয় কর্ম হিসাবে, সাওয়াব, আল্লাহর নৈকট্য বা ইবাদত হিসাবে পালন করেননি, এরূপ কোনো কর্ম, বিশ্বাস, রীতি বা আচারকে ধর্মের অংশ বা সাওয়াবের কর্ম বলে মনে করা বিদ'আত। বিদ'আতে লিঙ্গ ব্যক্তির ইবাদত, বন্দেগি আল্লাহ কবুল করবেন না বলে বিভিন্ন হাদীসে বারংবার বলা হয়েছে। শিরকের ন্যায় বিদ'আতের পাপেও ধার্মিক মানুষেরাই লিঙ্গ হন। ধার্মিক মানুষদেরকে পাপে লিঙ্গ করার জন্য শয়তানের অন্যতম মাধ্যম বিদ'আত। এই পুস্তকের বিভিন্ন স্থানে সুন্নাত, সুন্নাতের অনুসরণ, সুন্নাতের খেলাফ চলা, উত্তীবন ও বিদ'আত সম্পর্কে সামান্য আলোচনা করেছি। এ বিষয়ে আমি “এহ্রইয়াউস সুনান” গ্রন্থে বিস্তারিত লিখেছি। এজন্য এখানে এ বিষয়ে আলোচনা পরিত্যাগ করছি।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=8764>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন